

প্রশাসন বিভাগ

মহাপরিচালক বার্ডের প্রধান নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করেন। একজন অতিরিক্ত মহাপরিচালক ও ০৯ জনপরিচালকসহ বার্ডের কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা ৩৬৫ জন। একাডেমীর প্রশিক্ষণ, গবেষণা এবং প্রায়োগিক গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য পরিচালক (প্রশাসন) এর নেতৃত্ব প্রশাসন বিভাগ প্রয়োজনীয় সহায়তা এবং পরিসেবা প্রদান করে। এছাড়া, এ বিভাগ মানব সম্পদ ব্যবস্থাপনা, অভ্যন্তরীণ নিরাপত্তা রক্ষা, কর্মচারী কল্যাণ, একাডেমীর অবকাঠামো উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ, আর্থিক ব্যবস্থাপনা প্রভৃতি কার্যক্রম সম্পাদন করে থাকে।

প্রশাসন বিভাগের কর্মকর্তা পর্যায়ে জনবল

পদবী	অনুমোদিত জনবল	বর্তমান জনবল
পরিচালক	০১ জন	০১ জন
যুগ্ম পরিচালক	০২ জন	০২ জন
উপ পরিচালক	০১ জন	০১ জন
সহকারী পরিচালক	০৪ জন	০৩ জন
হিসাব রক্ষণ কর্মকর্তা	০১ জন	০১ জন
সহকারী প্রকৌশলী	০১ জন	০১ জন
চিকিৎসা কর্মকর্তা	০১ জন	শূন্য
স্টেট-কাম স্টোর অফিসার	০১ জন	০১ জন
প্রশাসনিক কর্মকর্তা	০১ জন	০১ জন
উপ-সহকারী প্রকৌশলী	০১ জন	০১ জন
সহকারী গ্রন্থাগারিক	০১ জন	শূন্য
মোট:	১৫ জন	১২ জন

প্রশাসন বিভাগের অধীনে শাখাসমূহ

প্রশাসন বিভাগের অধীনে মোট ১৭টি শাখা রয়েছে। শাখার কার্যক্রমের দায়িত্ব পালন করেন শাখা প্রধান এবং পরিচালক (প্রশাসন) ও যুগ্ম পরিচালকদ্বয় সকল শাখার কার্যক্রম সমন্বয় করেন। প্রশাসন বিভাগের অধীন বিভিন্ন শাখাসমূহের নাম নিম্নে দেয়া হলো:

- সংস্থাপন শাখা
- জনসংযোগ
- হিসাব শাখা
- অডিট ও পেনশন শাখা
- ক্রীড়া ও বিনোদন কেন্দ্র
- রক্ষণাবেক্ষণ শাখা
- যোগাযোগ শাখা
- গ্রন্থাগার শাখা
- ডকুমেন্টেশন শাখা
- মেডিকেল সেন্টার
- বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী মডেল স্কুল
- হোস্টেল শাখা
- কম্পিউটার শাখা
- প্রকাশনা শাখা
- ক্যাফেটেরিয়া
- বাগান শাখা
- অবধায়ন শাখা